চুয়াডাঙ্গায় মেধা যোগ্যতা ও স্বচ্ছতার ভিত্তিতে কনস্টেবল পদে চাকরি পেল ৩৩জন তরুণ-তরুণী

চুয়াডাঙ্গা – চুয়াডাঙ্গায় শতভাগ মেধা, যোগ্যতা ও স্বচ্ছতার ভিত্তিতে চুয়াডাঙ্গায় পুলিশের কনস্টেবল পদের নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে প্রাথমিকভাবে মনোনীত হয়েছেন ৩৩ জন তরুণ তরুণী। তার মধ্যে পুরুষ ২৯ ও নারী ৪ জনসহ সর্বমোট ৩৩জন। নিয়োগে প্রক্রিয়ার শুরুতে সকল প্রক্রিয়া মেধা, যোগ্যতা ও স্বচ্ছতার সাথে সম্পন্ন করা হবে বলে চাকরী প্রত্যাশীদের বারবার সচেতন করে আসছিলেন নিয়োগ বোর্ডের সভাপতি ও পুলিশ সুপার চুয়াডাঙ্গা খন্দকার গোলাম মওলা (বিপিএম-সেবা) ।

চুয়াডাঙ্গা জেলায় কনস্টেবল পদে গত ২৯ অক্টোবর ২০২৪ সকাল থেকে নিয়োগ কমিটি ১ম ধাপে চাকুরী প্রার্থীদের মধ্য থেকে কাগজপত্র যাচাই-বাছাই, শারীরিক মাপ, শারীরিক সক্ষমতা ও আনুষঙ্গিক পরীক্ষা- নিরীক্ষা শেষে ৫২৫জন প্রার্থীকে নিয়োগ প্রক্রিয়ার পরবর্তী ধাপ অর্থাৎ লিখিত পরীক্ষার জন্য মনোনীত করেন। গত ১৭ শনিবার সরকারি আদর্শ মহিলা কলেজ, চুয়াডাঙ্গায় প্রাথমিক বাছাইকৃত ৫২৫জন প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করেন। তার মধ্যে ১১৩জন প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়।

গতকাল রোববার লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ১১৩জন প্রার্থী মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করেন। নিজেদের মেধা ও যোগ্যতার স্বাক্ষর রেখে পুরুষ ২৯ ও নারী ৪ জনসহ ৩৩জন প্রার্থী নিয়োগ বোর্ড কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত হয়।

রাত ৯ টায় চুয়াডাঙ্গা পুলিশ লাইন্স ড্রিলশেডে নতুন চাকরি পাওয়া এই তরুণ-তরুণীদের পরীক্ষার চূড়ান্ত ফল ঘোষণা করেন নিয়োগ বোর্ডের সভাপতি পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা (বিপিএম-সেবা) ।

নিয়মতান্ত্রিক উপায়ে নিজ মেধা ও যোগ্যতায় বাংলাদেশ পুলিশের গর্বিত সদস্য হওয়ার জন্য নির্বাচিত হতে পেরে খুশিতে আত্মহারা হয়ে পড়েন চুয়াডাঙ্গার তরুণ-তরুণীরা।